

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রশাসন শাখা-১

DD-1
তারিখ: ১৯/১১/২০১৩
১৯/১১/২০১৩
৩৬ নভেম্বর, ২০১৩ খ্রিস্টাব্দ

নং- ৪৭.০৩১.০১৬.০০.০০.০০৪.২০১০(অংশ-২)/ ২৩৬২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো। পরে বর্ণিত তাঁর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের জেলা/উপজেলা পর্যায়ে কর্মকর্তা/কর্মচারীগণকে যথাসময়ে কর্মস্থলে উপস্থিতির নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।



১৯/১১/২০১৩
(রেহানা বেগম)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৭০৬৪৬
(e-mail: a_sec_1@gmail.com)

বিতরণঃ

- ১। নিবন্ধক, সমবায় অধিদপ্তর, ঢাকা।
- ২। মহাপরিচালক, বিআরডিবি, ঢাকা/বার্ড, কুমিল্লা/আরডিবি, বগুড়া।

| |
|----------------------------|
| উপরিচালক এর দপ্তর |
| কর্তৃক নং: ৩২৫ |
| তারিখ: ১৯/১১/২০১৩ |
| উপরিচালক (প্রশাসন) |
| উপরিচালক (অর্থ) |
| উপরিচালক (সংস্কার) |
| উপরিচালক (পশুপ) |
| উপরিচালক (প্রশিক্ষণ) |
| প্রঃপরিচালক |
| উপপরিচালক (অস) |
| সহঃ পরিঃ (মহাঃ পরিঃ দপ্তর) |
| মহাপরিচালক এর বাতরঃ |
| ডেপুটি সচিব |



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
"পল্লী ভবন"
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫
Website: www.brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০.০০.২০৫.০০.৪২৫.১১. ৬৪০২

তারিখ: ২৪/১১/২০১৩ খ্রিঃ

কর্মকর্তা/ কর্মচারীগণের যথাসময়ে কর্মস্থলে উপস্থিতি সংক্রান্ত বিষয়ে সরকারি নির্দেশনা যথাযথভাবে অনুসরণ ও প্রতিপালন করার জন্য নির্দেশক্রমে সংশ্লিষ্ট সকলের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হলোঃ

মো. শাহজাহান
উপপরিচালক (প্রশাসন) ২০১৩
ফোনঃ ৮১৮০০১৭

বিতরণঃ

- ১। উপপরিচালক, বিআরডিবি, জেলাদপ্তর (সকল)।
আপনার অধীনস্থ জেলা ও উপজেলা পর্যায়ে সকল কর্মকর্তা/ কর্মচারীগণের যথাসময়ে কর্মস্থলে উপস্থিতি সংক্রান্ত বিষয়ে এতদসংযুক্ত জারিকৃত সরকারি নির্দেশনা পত্রের কপি পৃষ্ঠাংকন পূর্বক অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ২। উপপরিচালক (প্রশাসন-২/জনসংযোগ ও সমন্বয়/ প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা।
- ৩। উপপরিচালক, বিআরডিবি, এনআরডিটিসি, নোয়াখালী/ এলএমটিসি, টাংগাইল।
- ৪। আঞ্চলিক পরিচালক (সকল)।
- ৫। প্রকল্প পরিচালক/নির্বাহী পরিচালক (সকল)।
- ৬। যুগ্ম পরিচালক (সকল)।
- ৭। সহকারী পরিচালক (পার্সোনেল-১, ২, ৩, ৪/ শৃঙ্খলা কোষ/পেনশন-প্রশাসন), বিআরডিবি, ঢাকা।
- ৮। পরিচালক, বিআরডিটিআই, খাদিমনগর, সিলেট।
- ৯। পরিচালক (প্রশাসন/অর্থ/সরেজমিন/পশুপ/প্রশিক্ষণ), বিআরডিবি, ঢাকা।
- ১০। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (সদয় অবগতির জন্য)।
- ১১। সংশ্লিষ্ট নথি।

উপসহকারী সচিব

সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ শাখা
www.cabinet.gov.bd

তারিখ: ০৭ কার্তিক ১৪২০
২২ অক্টোবর ২০১৩

নং- ০৪.৫১২.০০৬.০০.০০৪.২০১৩-২৩২

বিষয়: জেলা ও উপজেলা পর্যায়ে কর্মকর্তা/কর্মচারীগণের যথাসময়ে কর্মস্থলে উপস্থিতি সংক্রান্ত।

- সূত্র: (১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর-মপবি/মাপ্রস/২(১১৫)/বিবিধ/৯৯-২০০২/৬৯৯ তারিখঃ ২৪.১২.২০০২।
(২) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর-১-৪৭/৮৮-মপবি(সংস্থা)/৩৪৪ তারিখঃ ২৩.০৬.২০০৩।
(৩) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর-০৪.৫১৪.০০৬.০৩.০০.০০২.২০১৩-৪০৪ তারিখঃ ০৩.১০.২০১৩।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সরকারি কর্মচারীদের যথাসময়ে কর্মস্থলে উপস্থিতি সম্পর্কিত বিষয়ে The Public Employees Discipline (Punctual Attendance) Ordinance, 1982 বলবৎ রয়েছে। এছাড়াও, মাঠ পর্যায়ে কর্মরত সকল কর্মকর্তাকে সার্বক্ষণিকভাবে কর্মস্থলে অবস্থান নিশ্চিতকরণ এবং সকল কর্মকর্তা-কর্মচারীকে সকাল ৯.০০ থেকে ৯.৪০ ঘটিকা পর্যন্ত অফিস কক্ষে অবস্থানের আবশ্যিকতা সম্পর্কে যথাক্রমে সূত্রে উল্লিখিত (১) এবং (২) পরিপত্র জারি করা হয়েছে (কপি সংযুক্ত)। মন্ত্রিপরিষদ বিভাগের অন্যতম Key-Point Installation (KPI) হিসেবে জেলা ও উপজেলা পর্যায়ের বিভিন্ন অফিস পরিদর্শনকালে দেখা যায় যে, জেলা ও উপজেলা পর্যায়ে কোন কোন কর্মকর্তা-কর্মচারী উল্লিখিত আইন এবং পরিপত্রসমূহের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করেননা। ফলে, জনগণ কাঙ্ক্ষিত সেবা লাভে বঞ্চিত হচ্ছে। এতে সংশ্লিষ্ট অফিসের ভাবমূর্তি ক্ষুণ্ণ হওয়ার আশঙ্কা রয়েছে।

২। গত সেপ্টেম্বর ২০১৩ মাসে মন্ত্রিপরিষদ সচিবের সভাপতিত্বে অনুষ্ঠিত বিভাগীয় কমিশনারগণের সমন্বয় সভায় মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের সময়মত কর্মস্থলে উপস্থিতি নিশ্চিতকরণ সম্পর্কে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

'বিভিন্ন মন্ত্রণালয়ের আওতাধীন মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সময়মত কর্মস্থলে উপস্থিতি সম্পর্কে বিদ্যমান সরকারি বিধিবিধান প্রতিপালন করার জন্য সকল মন্ত্রণালয়ের সচিবগণকে পত্র দিতে হবে।'

এমতাবস্থায়, তাঁর আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তা/কর্মচারীগণকে উল্লিখিত আইন এবং পরিপত্রসমূহ অনুসরণের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তঃ বর্ণনামতে ০৬ (ছয়) ফর্দ।

৪/০
সিনিয়র
১৩/১০/১৩

সিনিয়র সচিব/সচিব
মন্ত্রণালয়/বিভাগ।

২১/১০/১৩
(এম কাজী এমদাদুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৫৪৪৭

কার্যক্রম নং: ২১.২.৪.....তারিখ: ০৪/১০.....
উপ-সচিব (প্রঃ/উঃ/অধিঃ প্রঃ) অঃ
অঃ সচিব (প্রঃ ও বাঃ)
পরিচালনা ও সমন্বয় বিভাগ

১/১/২০০৩
১৩/১/২০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সংস্থাপন শাখা

নং-১-৪৭/৮৮-মপবি(সংস্থা)/৩৪৪

তারিখ: ০৯ আষাঢ় ১৪১০
১৩ জুন ২০০৩

পরিপত্র

বিষয় : সরকারি/স্বায়ত্বশাসিত দপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণের ৯ টা থেকে ৯.৪০মিঃ পর্যন্ত অফিস কক্ষে অবস্থানের আবশ্যিকতা প্রসঙ্গে।


পরিলক্ষিত হচ্ছে যে, অফিসে আগমনকালে পথিমধ্যে দাপ্তরিক/ব্যক্তিগত বিভিন্ন কাজের অজুহাত দেখিয়ে (যেমন-সেমিনার, ওয়ার্কশপ, সিম্পোজিয়ামে অংশগ্রহণ, অতিথি বক্তা হিসেবে প্রশিক্ষণ প্রতিষ্ঠানে গমন, ব্যাংক, হাসপাতাল কিংবা সন্তানের বিদ্যালয়ে গমন ইত্যাদি) কতিপয় কর্মকর্তা/কর্মচারী ঠিক সময়ে অফিসে উপস্থিত হন না। ফলশ্রুতিতে উপরোক্ত কর্মকর্তা/কর্মচারীগণের সঙ্গে জনসাধারণ ও অন্যান্য সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের প্রয়োজনীয় সংযোগ স্থাপন (access) দুঃসাধ্য বা অসম্ভব হয়ে পড়ে। এতে সাধারণ নাগরিকগণ যেমন ক্ষতিগ্রস্ত হন, তেমনি সরকারের কাজের গতিও শ্লথ হয়। সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়।

২। উপর্যুক্ত প্রেক্ষাপটে সরকারি দপ্তর/স্বায়ত্বশাসিত সংস্থার কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণকে এ মর্মে অনুশাসন প্রদান করা যাচ্ছে যে, তাঁরা সকাল ৯:০০ থেকে ৯:৪০ মিনিট সময় পর্যন্ত আবশ্যিকভাবে নিজ অফিস কক্ষে অবস্থান করবেন। অফিসে আগমনকালে পথিমধ্যে কোন কাজে সম্পৃক্ত হবেন না। দাপ্তরিক কর্মসূচি প্রণয়নকালে লক্ষ্য রাখতে হবে যেন তাঁদের সকাল ৯:০০ টা থেকে ৯ টা ৪০ মিনিট পর্যন্ত অফিসে অবস্থান ব্যাহত না হয়।

৩। মূলতঃ অফিস সময়ে অফিস কক্ষে/দপ্তরে অবস্থানপূর্বক দায়িত্ব পালনকারী কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে উক্ত বাধ্যবাধকতা প্রযোজ্য হবে। নিম্নোক্ত কর্মকর্তা/কর্মচারীগণ উক্ত বাধ্যবাধকতার আওতা বহির্ভূত থাকবেন :

- (ক) শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠানের কোন প্রশাসনিক দায়িত্বে নিয়োজিত নন এমন শিক্ষক/অনুষদ সদস্যবৃন্দ;
- (খ) হাসপাতাল, জেলাখানা, সংবাদ বা নিরাপত্তা সম্পৃক্ত প্রতিষ্ঠান ইত্যাদির নিয়মিত রোস্টার ডিউটিতে কর্তব্যরত চিকিৎসক, সাংবাদিক, কর্মকর্তা/কর্মচারীবৃন্দ;
- (গ) রাস্তায় বা বহিরাঙ্গণে নিয়মিতভাবে কর্মরত আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এবং অন্যান্য সংস্থার সমরূপ কর্মকর্তা/কর্মচারীবৃন্দ।

৪। এ ছাড়াও ভিভিআইপি/ভিআইপিদের প্রটোকল প্রদান, আকস্মিকভাবে সংঘটিত কোন বড় রকমের দুর্ঘটনা মোকাবেলা, উন্নয়ন সহযোগী/কূটনৈতিক মিশনের সঙ্গে অনুষ্ঠিত অতি গুরুত্বপূর্ণ সভায় যোগদান এবং অনুমোদিত ভ্রমণ সূচির মাধ্যমে সফরে গমনের ক্ষেত্রে উপর্যুক্ত বাধ্যবাধকতা প্রযোজ্য হবে না।



অপর পাঠ্য প্রাপ্ত

৫। সরকার আশা করে যে, সেবাগ্রহণকারী নাগরিকদের সুবিধা এবং সরকারি কর্মকাণ্ডের গতিশীলতা ও সমন্বয় বৃদ্ধির লক্ষ্যে রাজধানী শহর থেকে শুরু করে প্রত্যন্ত অঞ্চল পর্যন্ত কর্মরত সরকারি/স্বায়ত্বশাসিত সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণ জনস্বার্থে সকাল ৯.০০ টায় সরাসরি অফিসে আসবেন এবং আবশ্যিকভাবে ৯ টা ৪০ মিনিট পর্যন্ত অফিসে অবস্থান করবেন।

৬। জনস্বার্থে এ পরিপত্র জারি করা হলো এবং এটি অবিলম্বে কার্যকর হবে।



(ড. সাইদত হোসাইন)
মন্ত্রিপরিষদ সচিব

নং-১-৪৭/৮৮-মপবি(সংস্থা)/৩৪৪

তারিখ : ০৯ আষাঢ় ১৪১০
২৩ জুন ২০০৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ২। সচিব, (সকল মন্ত্রণালয়/বিভাগ)।
- ৩। বিভাগীয় কমিশনার, (সকল)।
- ৪। জেলা প্রশাসক, (সকল)।


(এ কে এম আবদুল আউয়াল মজুমদার)
উপসচিব (প্রশাসন)
ফোন : ৭১৬৮৩৯০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

মাঠ প্রশাসন সংযোগ শাখা

নং মপবি/মাপ্রস/২(১১৫)/বিবিধ/৯৯-২০০২/৬৯৯

তারিখ : ১০ পৌষ ১৪০৯
২৪ ডিসেম্বর ২০০২

পরিপত্র

বিষয় : মাঠ পর্যায়ে কর্মরত সরকারী কর্মকর্তাগণের সার্বক্ষণিকভাবে কর্মস্থলে অবস্থান নিশ্চিতকরণ প্রসঙ্গে।

মাঠ পর্যায়ে কর্মরত সরকারী কর্মকর্তাগণের কর্মস্থলে সার্বক্ষণিকভাবে অবস্থান নিশ্চিতকরণের লক্ষ্যে সরকার নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছে :

- (১) একজন কর্মকর্তা ঢাকা থেকে যে কোন জেলা/উপজেলা শহরে বদলীর ক্ষেত্রে তার সন্তানগণ ঢাকার কোন স্কুল ত্যাগ করে ঢাকার বাইরের স্কুলে নিয়মিতভাবে পড়া-শুনা করার পর পরবর্তী সময়ে তার পূর্ববর্তী স্কুলে পুনরায় ভর্তি হওয়ার সুযোগ পাবে। অর্থাৎ ঢাকাসহ দেশের সকল স্কুলসমূহে ছাত্র-ছাত্রীদের 'লিয়েন' পদ্ধতি চালু করা হয়েছে। অন্যদিকে মফস্বল থেকে আগত কোন কর্মকর্তার সন্তান স্কুলগামী হয়ে থাকলে উক্ত কর্মকর্তা উপ-পরিচালক, মাধ্যমিক শিক্ষা, ঢাকা অঞ্চলকে লিখিত অনুরোধ জানিয়ে ঢাকাসহ মাধ্যমিক স্কুলে তাঁর সন্তানকে ভর্তি করার সুযোগ পাবেন। শিক্ষা মন্ত্রণালয় ইতিমধ্যে এতদসংক্রান্ত প্রজ্ঞাপন নং শিম/শা-১০/বিবিধ-১/২০০১/৪৩, তারিখ : ৪-২-২০০১ এবং প্রজ্ঞাপন নং শিম/শা-১০/বিবিধ-১/২০০১/১৫৮(৮), তারিখ ১৫-৫-২০০১ জারী করেছে। এই প্রজ্ঞাপনদ্বয়ে ছাত্র-ছাত্রীদের 'লিয়েন' নীতি এবং ঢাকায় বদলীকৃত কর্মকর্তা-কর্মচারীর সন্তানদের ঢাকার স্কুলে ভর্তির নীতি পদ্ধতি বিশদভাবে ব্যাখ্যা করা হয়েছে। প্রজ্ঞাপনদ্বয়ের কপি সংযুক্ত করা হলো।
- (২) চাকুরির ১০ (দশ) বছর পূর্ণ হয়েছে এমন কর্মকর্তা যদি ঢাকায় সরকারী বাসায় বসবাসকারী হন, তবে তাকে ঢাকার বাইরে বদলী করা হলে এবং উক্ত কর্মকর্তা ন্যূনতম ২ (দুই) বছর তার বদলীকৃত স্টেশনে কাটিয়ে ঢাকায় পুনঃবদলী হয়ে এলে বাসা বরাদ্দের ক্ষেত্রে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় অগ্রাধিকার ভিত্তিতে এরূপ কর্মকর্তাকে সরকারী বাসা বরাদ্দ প্রদান করবে। এই শ্রেণীর কর্মকর্তাদের জন্য কতিপয় বাসা প্রাধিকার ভিত্তিতে চিহ্নিত করে রাখা যেতে পারে। ঢাকায় সরকারী বাসা বরাদ্দ না পাওয়া পর্যন্ত ঢাকায় পুনঃবদলীকৃত উক্ত কর্মকর্তা বর্তমানে প্রাপ্ত বাড়ী ভাড়া ভাতার দ্বিগুণ হারে বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হবেন।
- (৩) একজন কর্মকর্তার প্রতি স্টেশনে চাকুরিকাল (Tenure) হবে তিন বছর (দুর্গম ও পার্বত্য অঞ্চলে দুই বছর)। ঢাকার বাইরে কর্মরত কোন কর্মকর্তাকে পদোন্নতি, বিদেশে প্রশিক্ষণ এবং জাতীয় গুরুত্বপূর্ণ পদে পদায়ন—এই তিনটি কারণ ব্যতীত অন্য কোন কারণে তিন বছরের পূর্বে (দুর্গম ও পার্বত্য অঞ্চলে দুই বছর) বদলী করতে হলে বিষয়টি একজন মাননীয় মন্ত্রীর নেতৃত্বে গঠিত একটি উচ্চ পর্যায়ের কমিটিতে বিবেচিত হতে হবে। কেবলমাত্র কমিটির সুপারিশের ভিত্তিতে সংস্থাপন মন্ত্রণালয় বা সংশ্লিষ্ট মন্ত্রণালয় তিন/দুই বছর পূর্ণ হওয়ার আগে কোন কর্মকর্তাকে অন্যত্র বদলী করতে পারবে। মন্ত্রিপরিষদ বিভাগ কমিটি গঠন সংক্রান্ত প্রজ্ঞাপন পৃথকভাবে জারী করবে।

- (৪) জাতীয় গুরুত্বপূর্ণ পদে পদায়ন নির্ধারণ করবেন মাননীয় প্রধানমন্ত্রী। কোন কর্মকর্তার যোগ্যতা বা দক্ষতার কারণে মাঠ পর্যায়ের পদে তিন বছর পূর্ণ হওয়ার পূর্বে যদি রাষ্ট্রীয় প্রয়োজনে ঢাকায় কোন গুরুত্বপূর্ণ পদে বদলী করে আনা হয়, তবে মফস্বলে দুই বছর চাকুরি না করা সত্ত্বেও তিনি ঢাকায় বাসা বরাদ্দের ক্ষেত্রে অগ্রাধিকার অথবা দ্বিগুণ হারে বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হবেন।
- (৫) ঢাকার বাইরে বদলীকৃত কর্মকর্তার স্ত্রী সরকারী চাকুরীজীবী হলে স্বামীর কর্মস্থল যে জেলায় অবস্থিত সে জেলায় অথবা পার্শ্ববর্তী কোন জেলায় তাকে পদায়নের ব্যবস্থা করা যেতে পারে। সংশ্লিষ্ট মন্ত্রণালয় যদি বিশেষভাবে অনুরোধ করে তবে সংশ্লিষ্ট জেলায় উক্ত কর্মকর্তার স্ত্রীর জন্য সুপারনিউমারারী পদ সৃজন করা যেতে পারে।
- (৬) ঢাকা থেকে মফস্বলে বদলীকৃত কর্মকর্তাকে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের নির্ধারিত সময়ের মধ্যে ঢাকার সরকারী বাসা ছেড়ে দিতে হবে। কোন অজুহাতে এই সময়সীমা বৃদ্ধি করা যাবে না।
- (৭) ১১,৭০০-৩০০-১৩,৫০০ বেতন স্কেল (যুগ্ম-সচিবের বেতন স্কেল) এবং তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা যিনি মাঠ পর্যায়ে নিয়োজিত আছেন, তিনি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিবের লিখিত অনুমতি ব্যতীত ব্যক্তিগত প্রয়োজনে ছুটিতে যেতে বা কর্মস্থল ত্যাগ করতে পারবেন না।
- (৮) উপজেলা পর্যায়ে কর্মরত কর্মকর্তাগণ তাঁর পরবর্তী উচ্চ ধাপের কর্তৃপক্ষের লিখিত অনুমতি ব্যতীত কর্মস্থল ত্যাগ করতে পারবেন না।
- (৯) জেলা পর্যায়ে কর্মরত কর্মকর্তাগণ তাঁদের ব্যক্তিগত প্রয়োজনে বিভাগীয় পর্যায়ে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের লিখিত অনুমতি নিয়ে কর্মস্থল ত্যাগ করবেন। বিভাগীয় পর্যায়ে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ না থাকলে অধিদপ্তর প্রধানের নিকট থেকে আনুষ্ঠানিক লিখিত অনুমতি নিতে হবে। বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগ করলে সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় মামলা শুরু করতে হবে।
- (১০) মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তাকে বেতন বিলে প্রত্যয়ন করতে হবে যে, অব্যবহিত পূর্ববর্তী মাসে কতদিন তিনি কর্মস্থলে অবস্থান করে তার দায়িত্ব পালন করেছেন এবং কতদিন কর্মস্থলের বাইরে অবস্থান করেছেন। প্রত্যয়ন পত্রের একটি নমুনা এতদসঙ্গে সংযুক্ত করা হলো।
- (১১) ৯০ দিন বা তদূর্ধ্ব সময়ের জন্য কোন কর্মকর্তা প্রশিক্ষণে গেলে তাঁকে স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসাবে নিয়োগ প্রদান করতে হবে এবং প্রশিক্ষণে গমনকারী কর্মকর্তার শূন্য পদে নূতন কর্মকর্তাকে পদায়নের ব্যবস্থা গ্রহণ করবে। মন্ত্রণালয়/বিভাগে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তার পদ না থাকলে অর্থ বিভাগের সম্মতি নিয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজনীয় ওএসডি-র পদ সৃষ্টির ব্যবস্থা করবে। ওএসডি হিসাবে পদায়নের পূর্বে কোন কর্মকর্তার প্রশিক্ষণ সংক্রান্ত জি,ও ইস্যু করা যাবে না।
- (১২) জেলার দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/উপদেষ্টা/ছইপবৃন্দ কর্মস্থলে অনুপস্থিত মাঠ পর্যায়ের কর্মকর্তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে অনুরোধ করবেন। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ তদন্তপূর্বক যথাযথ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করবে।

(১৩)


২।

বি।



(১৩) উল্লিখিত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে পালিত হচ্ছে কিনা মন্ত্রিপরিষদ বিভাগ তা পরিবীক্ষণ করবে এবং অবস্থা সম্পর্কে মাননীয় প্রধানমন্ত্রীকে অবহিত করবে।

২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।


(মুহম্মদ আবিুল কাশেম) ২৪/১২/০২

যুগ্ম-সচিব (জেলা ও মাঠ প্রশাসন)।
ফোন : ৮৬১৯৭৪৫

বিতরণ :

- ১। মুখ্য সচিব,
প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ২। সচিব/ভারপ্রাপ্ত সচিব,
.....মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
- ৩। কমিশনার,
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল ও সিলেট বিভাগ।
- ৪। জেলা প্রশাসক,
.....(সকল)।
- ৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা,
.....(সকল)।

অনুলিপি :

- ১। মাননীয় মন্ত্রী/উপদেষ্টা/চীফ ছইপ/প্রতিমন্ত্রী/ছইপ/উপমন্ত্রীর একান্ত সচিব।
.....।
- ২। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৩। জনাব.....

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

শাখা-১০

নং শিম/শাঃ১০/বিবিধ-১/২০০১/৪৩

তারিখ : ০৪/০২/২০০১

প্রজ্ঞাপন

বিষয় : ঢাকার বাহির হতে ঢাকা মহানগরে ফিরে আসা ছাত্র/ছাত্রীদের ঢাকা মহানগরের স্কুলে ভর্তির পূর্বস্বত্ব (লিয়েন) বজায় রাখা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সরকারী এবং আধা-সরকারী সংস্থার বিপুলসংখ্যক কর্মকর্তার ছেলেমেয়ে ঢাকা শহরের বিভিন্ন স্কুলে পড়াশোনা করে। এসব ছেলেমেয়ে পিতা/মাতার বদলীজনিত কারণে ঢাকা মহানগরের স্কুল হতে বদলী হয়ে উপজেলা/জেলা সদরের স্কুলে পড়াশোনা করে। কিন্তু পুনরায় উপজেলা/জেলা সদর হতে বদলী হয়ে পিতামাতার সাথে ঢাকা শহরে আসার পর পূর্ববর্তী স্কুলে ভর্তি হওয়ার সুযোগ পায় না। ছেলেমেয়েদের ঢাকা মহানগরের স্কুলে ভর্তি করতে পিতা/মাতাকে গুরুতর অসুবিধায় পড়তে হয়।

২। সরকারী-আধাসরকারী সংস্থার বদলীযোগ্য কর্মকর্তাদের ছেলেমেয়েদের পড়াশোনার অসুবিধার বিষয় বিবেচনা করে সরকার এ মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে, সরকারী এবং আধা-সরকারী দপ্তরের কর্মকর্তার ছেলেমেয়ে যারা পূর্বে ঢাকা মহানগরীর বিভিন্ন স্কুলে পড়াশোনা করেছে, তাদের পিতা/মাতার বদলীর কারণে পুনরায় তারা ঢাকার বাহির হতে ঢাকা মহানগরে ফিরে আসলে পূর্বে তারা ঢাকা শহরের যে স্কুলে পড়াশোনা করত সে স্কুলের উপরের প্রাসঙ্গিক ক্লাশে ভর্তি হওয়ার জন্য তাদের পূর্বস্বত্ব (লিয়েন) বজায় থাকবে। তবে এ ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তার ছেলেমেয়েরা ঢাকার বাইরে যে স্কুলে পড়াশোনা করেছে, সে স্কুলে তাদেরকে সংশ্লিষ্ট ক্লাশের পরীক্ষা উত্তীর্ণ হতে হবে এবং উত্তীর্ণের প্রত্যয়ন পত্র ঢাকার স্কুলে পেশ করতে হবে। ঢাকা শহরের সংশ্লিষ্ট বিদ্যালয় উক্ত প্রত্যয়ন পত্রের ভিত্তিতে ছাত্র/ছাত্রীকে উপরের ক্লাশে ভর্তি করবে।

৩। এ আদেশ জনস্বার্থে জারী করা হ'ল এবং এটি অবিলম্বে কার্যকর হবে।

(আশরাফুল হক ভূঁইয়া)

সিনিয়র সহকারী সচিব।

উপ-নিয়ন্ত্রক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস

তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

নং-শিম/শাঃ১০/বিবিধ-১/২০০১/৪৩

তারিখ : ০৪/০২/২০০১

কার্যার্থে অনুলিপিঃ

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা। সংশ্লিষ্ট সকল বিদ্যালয়কে অবহিত করার জন্যে।
- ২। সকল বোর্ডের চেয়ারম্যান।

(আশরাফুল হক ভূঁইয়া)

সিনিয়র সহকারী সচিব।

নং শিম/শাঃ১০/বিবিধ-১/২০০১/

তারিখ : ১৫/৫/২০০১ইং

বিষয় : সরকারী ও আধা-সরকারী সংস্থায় কর্মরত কর্মকর্তাদের বদলীজনিত কারণে তাদের ছেলে-মেয়েদের ঢাকার শিক্ষা প্রতিষ্ঠানে অথবা জেলা ও উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়া সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ঢাকা মহানগরী এবং বিভিন্ন জেলা ও উপজেলায় সরকারী ও আধা-সরকারী সংস্থায় বিপুলসংখ্যক কর্মকর্তার ছেলেমেয়ে পড়াশুনা করে। বৎসরের বিভিন্ন সময়ে অভিভাবকদের বদলীজনিত কারণে উক্ত ছেলেমেয়েদের স্কুলে ভর্তির বিষয়ে সমস্যা সৃষ্টি হয়। উল্লেখ্য, ঢাকার বাহির থেকে ঢাকা মহানগরে ফিরে আসা ছাত্র-ছাত্রীদের ঢাকা মহানগরীর স্কুলে ভর্তির পূর্বস্বত্ব (গিয়েন) বজায় রাখার বিষয়ে ইতোমধ্যে প্রজ্ঞাপন জারী করা হয়েছে। এক্ষণে যেসব কর্মকর্তা পূর্বে ঢাকায় কর্মরত ছিলেন না এবং যারা ঢাকা থেকে বাহিরের কোন জেলা বা উপজেলায় বদলী হবেন তাদের ছেলেমেয়েদের বিদ্যালয়/মহাবিদ্যালয়ে ভর্তির বিষয়টি বিবেচনাক্রমে সরকার নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছে :—

সরকারী ও আধা-সরকারী সংস্থায় কর্মরত কর্মকর্তাগণ জেলা বা উপজেলা থেকে ঢাকা মহানগরীতে বদলী হলে তাদের ছেলেমেয়েদের ঢাকা নগরীতে অবস্থিত স্কুল/কলেজে ভর্তির জন্য অতিরিক্ত ব্যবস্থা হিসাবে আঞ্চলিক উপ-পরিচালক (DD), ঢাকা অঞ্চলের নিকট আবেদন করতে হবে। ডিডি, ঢাকা অঞ্চল আবেদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীর যোগ্যতা বিবেচনা করবেন এবং তাদের ভর্তির জন্য উপযুক্ত প্রতিষ্ঠান নির্বাচন করবেন। ছাত্র-ছাত্রীর অভিভাবক কিংবা শিক্ষা প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ আবেদনকারী ডিডির সিদ্ধান্তের উপর সংক্ষুদ্ধ হলে মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের নিকট আপীল করতে পারবেন। মহা-পরিচালক শুনানী গ্রহণান্তে যে সিদ্ধান্ত দেবেন এক্ষেত্রে তাই চূড়ান্ত বলে গণ্য হবে।

অনুরূপভাবে যেসব অভিভাবক জেলা বা উপজেলায় বদলী হবেন তারা ভর্তির বিষয়ে সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসার DEO-এর নিকট আবেদন করবেন। DEO আবেদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট ছাত্র বা ছাত্রীর যোগ্যতা বিবেচনা করবেন এবং তাদের ভর্তির জন্য উপযুক্ত প্রতিষ্ঠান নির্বাচন করবেন। DEO-এর সিদ্ধান্তের উপর সংক্ষুদ্ধ হলে ছাত্র-ছাত্রীর অভিভাবক কিংবা বিদ্যালয় কর্তৃপক্ষ সংশ্লিষ্ট DD-এর নিকট আবেদন করতে পারবেন। DD শুনানী গ্রহণান্তে যে সিদ্ধান্ত দেবেন এক্ষেত্রে তাই চূড়ান্ত বলে গণ্য হবে।

এই ব্যবস্থা হবে বর্তমানে প্রচলিত ব্যবস্থার অতিরিক্ত। অর্থাৎ বদলীকৃত অভিভাবকগণ সরাসরি বিদ্যালয়/কলেজ-এর সাথে যোগাযোগের মাধ্যমেও সন্তানদেরকে ভর্তি করাতে পারবেন।

(মোঃ আতোয়ার রহমান)

উপ-সচিব (মাঃ)।

ফোন : ৮৬১৫০২৩

উপ-নিয়ন্ত্রক

বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস

তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

নং শিম/শাঃ১০/বিবিধ-১/২০০১/১৫৮(৮)

তারিখ : ১৫/৫/২০০১ইং

কার্যার্থে অনুলিপি :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা সংশ্লিষ্ট সকল বিদ্যালয়কে অবহিত করার জন্যে।
- ২। সকল বোর্ডের চেয়ারম্যান।

(মোঃ সাবের হোসেন)

সিনিয়র সহকারী সচিব।